গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

## নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের অনুদানের আবেদনপত্র মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ সংক্রান্ত নির্দেশনাবলী।

১। জেলা/উপজেলাধীন সকল নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে বার্ষিক এককালীন অনুদানের নির্ধারিত ৩ কপি ফরম বিনামূল্যে উপপরিচালকের কার্যালয় হতে সংগ্রহের জন্য পত্রের মাধ্যমে জানাতে হবে। আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের website : www.dwa.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

২। স্বেচ্ছাসেবী মহিলা সমিতির তথ্যাদি ছকের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করা না হলে বা আবেদনপত্রে কোন তথ্য উল্লেখ না থাকলে বা তথ্য গোপন করা হলে অনুদান প্রদানের জন্য আবেদনপত্র বিবেচনা করা হবে না। প্রয়োজনবোধে সমিতি পরিদর্শনপূর্বক তথ্যাদি যাচাই বাছাই করতঃ সঠিকভাবে তথ্য দিতে হবে। যাচাইকালে সমিতির অফিস ও সাইনবোর্ড আছে কিনা তা পরীক্ষা করতে হবে। সাইন বোর্ডে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধন নং ও তারিখ অবশ্যই লেখা থাকতে হবে।

৩। কোনক্রমেই নাম ঠিকানা অস্তিত্ববিহীন অথবা কার্যক্রম নাই এ ধরনের সমিতিকে অনুদানের জন্য সুপারিশ করা যাবে না। আবেদনপত্র ও ছক পূরণের বিষয়ে সমিতিকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। প্রতিটি সমিতির আবেদনপত্রে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সমিতির সভানেত্রী/সম্পাদিকা/কোষাধ্যক্ষার নামাঙ্কিত সীলসহ স্বাক্ষর ও তারিখ থাকতে হবে।

৪। ১৫/১১/২৬ তারিখে যে সকল সমিতির রেজিস্ট্রেশনের মেয়াদ ২ বছর পূর্ণ হবে না এ ধরনের সমিতি সাধারন অনুদান বা ঘূর্ণায়মান অনুদান প্রাপ্তির যোগ্যতা অর্জন করবে না। স্বেচ্ছাধীন অনুদানের জন্য সমিতির নিবন্ধনকাল ১ বছর পূর্ণ হতে হবে। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ নীতিমালা,২০২৪ অনুযায়ী স্বেচ্ছাধীন অনুদানের আবেদন ফেব্রুয়ারি ২০২৭ মাসের মধ্যে অবশ্যই প্রেরণ করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক হালনাগাদ সরেজমিন সমিতি পরিদর্শন/মূল্যায়ন প্রতিবেদন অবশ্যই প্রেরণ করতে হবে।

৬। অসম্পূর্ণ/অস্পষ্ট আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। তালিকার প্রতি পাতায় স্বাক্ষরসহ তালিকার মূল কপি অবশ্যই ইউনিকোড ফন্টে সফট কপি ই-মেইল dd.dwa.reg@gmail.com এ প্রেরণ করতে হবে। কোন ক্রমেই ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৭। অনুমোদিত গঠনতন্ত্রের কর্মসূচির সাথে প্রতিটি সমিতির আবেদনপত্রের তালিকার কর্মসূচিরর মিল থাকতে হবে। অনুদানের আবেদনপত্রে কোন সুপারিশ থাকলে সুপারিশকারীর নাম, পদবী তালিকায় উল্লেখ করতে হবে।

৮। উপজেলা পর্যায়ে গৃহীত আবেদনপত্রসমূহ উপজেলা কমিটির সুপারিশসহ ১৫/১০/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। জেলা হতে প্রাপ্ত আবেদসমূহ জেলা কমিটির মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক ১৫/১১/২০২৬ তারিখের মধ্যে সমিতি কর্তৃক দাখিলকৃত অনুদান সংক্রান্ত আবেদনপত্র সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। ঘূর্ণায়মান অনুদানের জন্য প্রতি উপজেলা হতে কমপক্ষে ২টি সমিতির আবেদন গ্রহণপূর্বক জেলা কমিটির মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক সভার কার্যবিবরণীর সত্যায়িত কপিসহ ভালমানের কমপক্ষে ৫ (পাঁচ) টি সমিতির নাম প্রস্তাবপূর্বক ১ প্রস্থ তালিকা ও ১ প্রস্থ আবেদনপত্র সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। নিবন্ধনকৃত সমিতিসমূহকে বাৎসরিক অনুদান প্রদানের যে ব্যবস্থা চালু রয়েছে এ বিষয়ে সমিতির সদস্যগণকে ভালভাবে অবহিতকরণের জন্য সমিতি প্রতিনিধিদের সাথে সভা করতে হবে এবং ব্যাপক প্রচারের জন্য অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তির কপি উপপরিচালকের কার্যালয়/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয় / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশবোর্ডে টানানোসহ ওয়েবসাইটে প্রদানের ব্যবস্থা করতে হবে।

CS CamScanner

১১। অনুদানের আবেদনপত্রের সাথে সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত সত্যায়িত অডিট রিপোর্ট প্রদানের বিষয়ে সমিতি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১২। আবেদনপত্রের সাথে কার্যকরী কমিটির সদস্যদের জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপিসহ সমিতির কার্যকরী কমিটির সদস্যদের তালিকা অবশ্যই প্রদান করতে হবে। উল্লেখ্য স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা, ২০২১ অনুযায়ী ৯ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি হতে হবে এবং কমিটির মেয়াদ ৩ বছর হবে।

১৩। অনুদান বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে অনুদান বিতরণ নীতিমালা,২০২৪; স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধিন ও পরিচালনা নির্দেশিকা, ২০২১ এবং প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী গ্রহণ করতে হবে (অনুমোদিত নীতিমালা, নির্দেশিকা ও প্রচার বিজ্ঞপ্তি মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে)।

১৪। নিবন্ধিত মহিলা সমিতির সভানেত্রী, সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষ মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, রাজশাহী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণ আবশ্যক।

24/07/2025

(মর্জিনা ইয়াসমিন)
উপপরিচালক (রেজিঃ ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।



CamScanner